

নির্দেশনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের স্বাস্থ্য অধিদপ্তরীয় ৪র্থ এইচপিএনএসপি অর্ন্তভুক্ত কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্লানের আওতায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় অনুমোদিত কাজের বিনিময়ে প্রণোদনভাতা প্রদান ভিত্তিক সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সিবিএইচসি অপারেশনাল প্লানের (জানুয়ারী ২০১৭ - জুন ২০২২) মেয়াদকালীন এক (০১) বছরের জন্য প্রথম পর্যায়ে ১৯টি (নাম নিম্নে বর্ণিত) উপজেলায় প্রতিটি কমিউনিটি ক্লিনিকের জন্য ০৫-০৭ (পাঁচ - সাত) জন করে মাল্টিপারপাস হেলথ ভলান্টিয়ার বাছাইয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদনকারীর বয়সতারিখে ১৮ হতে ৪৫ বছর এবং ন্যূনতম এসএসসি পাস/ সমমানের পরীক্ষায় পাস হতে হবে।

আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরাবর আবেদন/দরখাস্ত দাখিল/ জমা দেওয়ার অনুরোধ করা হল।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। এ ক্ষেত্রে কোন ধরনের তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

আবেদনের শর্ত ও নিয়মাবলি :

১। শুধুমাত্র টুঙ্গীপাড়া ও কাশিয়ানী (গোপালগঞ্জ), রাইজের (মাদারীপুর) সাটুরিয়া(মানিকগঞ্জ), শিবপুর (নরসিংদি), পাকুন্দিয়া ও মিঠামইন (কিশোরগঞ্জ), নকলা (শেরপুর), চকোরিয়া (কক্সবাজার), দক্ষিণ মতলব ও ফরিদগঞ্জ(চাঁদপুর), লামা (বান্দরবান), কাজিপুর (সিরাজগঞ্জ), বিকরগাছা (যশোর), পটুয়াখালী সদর (পটুয়াখালী), পীরগঞ্জ ও তাঁরাগঞ্জ (রংপুর), সিলেট সদর(সিলেট) ও শাল্লা উপজেলা (সুনামগঞ্জ জেলা) বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। (প্রথম পর্যায়ে)

২। প্রার্থীকে অবশ্যই স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট : www.dghs.gov.bd এবং সিবিএইচসি ওয়েবসাইট : www.communityclinic.gov.bd - এ প্রাপ্ত ফর্মে আবেদন করতে হবে। (আবেদনকারীর নাম, পিতা/ মাতার নাম ও পূর্ণ ঠিকানা, উল্লেখ করতে হবে)

৩। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট কমিউনিটি ক্লিনিকের কর্মএলাকার বাসিন্দা হতে হবে (ইউনিয়নের পুরাতন ওয়ার্ড অনুযায়ী)। সংশ্লিষ্ট এলাকার কোন প্রার্থী না পাওয়া গেলে একই ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাকে বাছাই করা হবে।

৪। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, সম্প্রতি তোলা দুইকপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ দাখিল করতে হবে।

৫। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট কমিউনিটি ক্লিনিকের নির্দিষ্ট ব্লকের বাসিন্দা মর্মে নির্বাচিত ওয়ার্ড মেম্বার কর্তৃক প্রদানকৃত সনদ দাখিল করতে হবে।

৬। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৭। এমএইচডি বাছাইয়ের ক্ষেত্রে মাল্টিপারপাস হেলথ ভলান্টিয়ার পরিচালন নির্দেশিকায় নির্ধারিত উপজেলা বাছাইকমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। প্রার্থীকে অবশ্যই কমিউনিটি ক্লিনিকের নাম, ইউনিয়নের নাম ও পুরাতন ওয়ার্ডের নাম্বার (১/২/৩) আবেদনে উল্লেখ করতে হবে।

৯। এই পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন ভাতাদি প্রদান করা হবে না।

১০। বাছাইকৃত মাল্টিপারপাস হেলথ ভলান্টিয়ার কোন অবস্থাতেই ভবিষ্যতে তাঁর কর্মতে বা কর্মকালে সরকারি/রাজস্বকরণ/ জাতীয়করণ/স্থায়ীকরণের জন্য দাবী করতে পারবেন না।